

বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন
তেজগাঁও, ঢাকা-১২০৮।

সূত্র নং-এফডিসি/স্টোর/১৫.০৬০.০০৩.১২.০০.০০৬.১২/২০২০-২০২১/০৫৩(৫)/৬

তারিখ ১২/০৬/২০২৬ খ্রি:।

প্রকাশ্যে নিলাম বিজ্ঞপ্তি

বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনের সম্পাদনা শাখার ইউপিএস এর ৩২ (বত্রিশ)টি পুরাতন অকেজো ব্যাটারী এবং নিরাপত্তা শাখা কর্তৃক জন্মকৃত ০২ (দুই)টি ছোট মটর, ০১ (এক)টি সাউন্ড বক্স এবং ১৩ (তের)টি পুরাতন অকেজো স্টীলের বক্স বিক্রির জন্য আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত শর্তানুযায়ী ২৪/০৬/২০২৬ তারিখ রোজ বুধবার বেলা ১১.৩০ ঘটিকায় কালার ল্যাবের ভিতরে প্রকাশ্যে নিলামে অংশগ্রহণ করার জন্য আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ-

- ১। প্রকাশ্যে নিলামে অংশগ্রহণ করতে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানকে বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনের অভ্যন্তরে সরেজমিনে উপস্থিত হয়ে নগদ ১০০০/- (একহাজার) টাকা জামানত প্রদান করে প্রকাশ্যে নিলাম-ডাকে অংশ গ্রহণ করতে পারবেন। সর্বোচ্চ দরদাতা ব্যতীত বাকী সকল দরদাতাদের জামানত ফেরত যোগ্য। তবে সর্বোচ্চ দরদাতার দর কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন না হলে জামানত ফেরত দেয়া হবে।
- ২। প্রকাশ্যে নিলামে সর্বোচ্চ দরদাতাকে নিলামে প্রদত্ত দরের সমুদয় টাকা নগদে বিএফডিসি'র ক্যাশ কাউন্টারে তিন কার্যদিবসের মধ্যে জমা দিতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্ত বলে গণ্য হবে।
- ৩। সর্বোচ্চ দরদাতাকে সরকারি বিধি মোতাবেক নিলাম মূল্যের উপর ভ্যাট ও আয়কর পরিশোধ করতে হবে।
- ৪। প্রকাশ্যে নিলামে অংশগ্রহণ করতে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠান অফিস চলাকালীন সময়ে আগামী ২৪/০৬/২০২৬ তারিখ ১০.৩০ ঘটিকা পর্যন্ত পরিদর্শন করে নিলামে অংশ গ্রহণ করতে পারবেন।
- ৫। কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতীত প্রকাশ্যে নিলাম গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করতে পারেন।
- ৬। কমিটির সম্মানিত সকল সদস্যগণকে সরেজমিন স্পটে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

১২/০৬/২৬
(হোসাইনুল কবির)
স্টোর অফিসার
ও
সদস্য-সচিব
প্রকাশ্যে নিলাম কমিটি।

বিতরণ :

- ১। আইসিটি শাখা, এফডিসি (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ২। প্রধান ফটক, বিএফডিসি, ঢাকা।
- ৩। কাওরান বাজারের বিভিন্ন স্পট, কাওরান বাজার, ঢাকা।
- ৪। বেগুনবাড়ী এলাকায় বিভিন্ন স্পট, তেজগাঁও, ঢাকা।
- ৫। নোটিশ বোর্ড, বিএফডিসি, ঢাকা।

অনুলিপি :

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএফডিসি, ঢাকা।
- ২। পরিচালক (কারিগরি ও প্রকৌশল), বিএফডিসি, ঢাকা।
- ৩। অতিরিক্ত পরিচালক(উৎপাদন), বিএফডিসি, ঢাকা।
- ৪। উপ-পরিচালক (অর্থ), বিএফডিসি, ঢাকা।
- ৫। নির্বাহী প্রকৌশলী (ইলেক্ট্রনিক্স), বিএফডিসি, ঢাকা।
- ৬। সহকারি পরিচালক (নিরাপত্তা), বিএফডিসি, ঢাকা।